গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
আইন
www.coop.gov.bd

তারিখ: ২ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৭.৬১.০০০০.০০০.০৬৫.২২.০০০৫.২১.২৯৭

**বিষয়: সমবায় স্থাবর সম্পত্তির আর্থিক মূল্য পুন:নির্ধারণপূর্বক শেয়ারের মূল্য পুন:নির্ধারণ।**

সূত্র: যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীর স্মারক নং -৪৭.৬১.০০০০.০০০.২৪৩.২২.০০০২.৬৭.৮৭৭, তারিখ : ২১/০৭/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমবায় সমিতির নামে স্থাবর সম্পত্তি থাকলে সমবায় সমিতি আইন, ২০০১ এর ১৫(২) ধারা অনুযায়ী উক্ত সম্পত্তি বর্তমান বাজার মূল্য (Market Value) পুন:মূল্যায়ন করে প্রদর্শন ও হিসাব করা এবং সে অনুযায়ী সদস্যদের শেয়ার মূল্য পুন:নির্ধারণ করা প্রয়োজন। স্থাবর সম্পদের পুন:মূল্যায়নপূর্বক শেয়ারের মূল্য পুন:নির্ধারণ না করা হলে একদিকে যেমন সমবায়ের সম্পদের সঠিক তথ্য প্রদর্শিত হয়না, অন্যদিকে শেয়ারের মূল্য নির্ধারিত না করে নতুনভাবে শেয়ার বিক্রয় করা হলে বিদ্যমান সদস্যগণ ক্ষতিগ্রস্থ হয়ে থাকে।

এমতাবস্থায়, সমবায় সমিতিগুলোর স্থাবর সম্পত্তির আর্থিক পুন:নির্ধারণের মাধ্যমে সমবায় সমিতির শেয়ারের মূল্য পুন:মূল্যায়নের লক্ষ্যে একটি খসড়া প্রস্তুত করা হয়েছে। উক্ত খসড়ার উপর তাঁর মতামত জরুরি ভিত্তিতে এ দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত:** সমবায়ের স্থাবর সম্পদ ও শেয়ারের পুন:মূল্যায়ন খসড়া ১(এক) প্রস্থ।

১৭-০৯-২০২৫
সোলাইমান বেগ
উপ-নিবন্ধক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা।
২। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম।
৩। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।

৪। বিভাগীয় যুগ্ম নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
৫। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব), যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর।
৬। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (ভারপ্রাপ্ত), যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।
৭। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট।
৮। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ।
৯। যুগ্ম নিবন্ধক, নিরীক্ষা ও আইন শাখা, সমবায় অধিদপ্তর।
১০। যুগ্ম-নিবন্ধক, উৎপাদনমুখী শিল্প শাখা, সমবায় অধিদপ্তর।
১১। যুগ্ম-নিবন্ধক, কৃষিজ শিল্প শাখা, সমবায় অধিদপ্তর।
১২। যুগ্ম-নিবন্ধক, ব্যাংক, বীমা ও কৃষি ঋণ শাখা, সমবায় অধিদপ্তর।
১৩। যুগ্ম-নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব), মার্কেট, গৃহায়ণ, ক্রেডিট, মহিলা ও বিশেষ দল শাখা, সমবায় অধিদপ্তর।
১৪। যুগ্ম-নিবন্ধক, প্রশাসন ও অর্থ শাখা, সমবায় অধিদপ্তর।
১৫। যুগ্ম-নিবন্ধক, গবেষণা ও এমআইএস শাখা, সমবায় অধিদপ্তর।
১৬। যুগ্ম-নিবন্ধক, সম্প্রসারণ ও প্রমোশন শাখা, সমবায় অধিদপ্তর।
১৭। যুগ্ম-নিবন্ধক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, সমবায় অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম
সমিতি ব্যবস্থাপনা শাখা
www.coop.chittagongdiv.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২২১.৩৯.০০০২.২৪.২১৬৬

তারিখ: ৬ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ২১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে সমবায় অধিদপ্তর কর্তৃক সমবায় সমিতির স্থাবর সম্পত্তির আর্থিক মূল্য পুন: নির্ধারণপূর্বক শেয়ারের মূল্য পুন:নির্ধারণ সংক্রান্ত প্রেরিত খসড়ার বিষয়ে তার মতামত আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এ কার্যালয়ে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে ০১ (এক) পাতা।

২১-০৯-২০২৫

কানিজ ফাতেমা
উপ নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)
০২৩৩৩৩৫৪৭০১
jr.chattogram@coop.gov.bd

জেলা সমবায় অফিসার, ................................ (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
ফেনী।

তারিখঃ -২১/০৯/২০২৫খ্রি.।

স্মারক নং-৪৭.৬১.৩০০০.০০০.৩৯.১১৯.১৯-১২৬৩(৬)

অবগতি ও উপরোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রেরিত খসড়ার বিষয়ে মতামত আগামী ০৫(পাঁচ)কর্মদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১। উপজেলা সমবায় অফিসার.................. (সকল) , ফেনী।

২১/০৯/২৫

মোঃ জহির আব্বাস
জেলা সমবায় অফিসার
ফেনী।

# সমবায়ের স্থাবর সম্পদ ও শেয়ারের পুন:মূল্যায়ন পদ্ধতি।

০১। সমবায়ের ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনা করত: স্থাবর সম্পদের পুন:মুল্যায়ন করার সিদ্ধান্ত নিতে হবে এবং একটি উপ-কমিটি গঠন করে দিতে হবে;

০২। উপ-কমিটি কর্তৃক বর্তমান বাজার দর এবং সাব রেজিষ্টার অফিস এর মৌজা রেট নিয়ে সম্ভাব্য মূল্য নির্ধারণ করে ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন করতে হবে;

০৩। উপ-কমিটি কর্তৃক নির্ধারিত মূল্য মুল্যায়ন এবং যথার্থতা যাচায়ের লক্ষ্যে ব্যবস্থাপনা কমিটি সভায় উপস্থাপন করতে হবে। ব্যবস্থাপনা কমিটি কর্তৃক যথার্থ বলে বিবেচিত হলে সমিতির বার্ষিক সাধারণ সভায় আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করে আলোচনাপূর্বক নির্ধারিত মূল্য অনুমোদন করতে হবে।

০৪। যে পরিমাণ মূল্য বেশি হবে (পার্থক্য মূল্য) উদ্বৃত্তপত্রের সম্পদের পাশে জমির মূল্যের সাথে পুন:মূল্যায়নজনিত বর্ধিত মূল্য হিবাবে অন্তর্ভূক্ত করতে হবে এবং দায়ের পাশে শেয়ার প্রিমিয়াম হিসাবে শেয়ার এর সাথে সাব কলামে সর্বদাই আলাদাভাবে প্রদর্শন করতে হবে।

০৫। প্রতিটি শেয়ারের মূল্যের সাথে এর শেয়ার প্রিমিয়াম যোগ করে শেয়ারের বাজার মূল্য (বর্তমান মূল্য) নির্ধারণ করতে হবে এবং নির্ধারিত নতুন শেয়ার মূল্যে শেয়ার বিক্রয় করতে হবে।